

পররাষ্ট্র প্রতিমন্ত্রী এম জে আকবর-এর মালি সফর
(মার্চ ২-৩, ২০১৭)

- ১) পররাষ্ট্র প্রতিমন্ত্রী শ্রী এম জে আকবর মালিতে একটি সরকারি দ্বিপাক্ষিক সফর করলেন ২-৩ মার্চ, ২০১৭। মালি সফরকালে তিনি মালির বিদেশমন্ত্রী মহামান্য জনাব আবদৌল্লা দিওপ-এর সঙ্গে যৌথ সভাপতিত্ব করেন ভারত-মালি যৌথ কমিশনের বৈঠকে (জেসিএম)-এর। কৃষি, শক্তি-সহ বিভিন্ন ক্ষেত্রে দু'দেশের মধ্যে দ্বিপাক্ষিক সহযোগিতার নিয়ে আন্তরিকভাবে পর্যবেক্ষণ করা হয় এবং বিশেষ করে নিরাপত্তা ও প্রযুক্তিগত ক্ষেত্রে ভবিষ্যৎ-সহযোগিতার বিষয় নিয়ে আলোচনা হয়।
- ২) ২০১৬ সালের সেপ্টেম্বরে ভারতের মহামান্য উপ-রাষ্ট্রপতি হামিদ আনসারির মালি সফরের ফলে দু'দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতি ঘটেছে, সে সম্পর্কে উভয় তরফে সন্তোষ প্রকাশ করা হয়। মালির ভৌগোলিক এবং মতাদর্শগত অখণ্ডতা এবং সার্বভৌমত্ব এবং আঞ্চলিক অখণ্ডতা নিশ্চিতকরণের বিষয়ে ভারতের সাহায্যের অঙ্গীকারের কথা পূর্ব্যক্ত করেন মন্ত্রী এম জে আকবর। মন্ত্রী দিওপ বিশ্ব ঐতিহ্যশালী টিস্বাকটু পুনর্গঠনে ০.৫ মিলিয়ন মার্কিন ডলারের উদার সাহায্যের জন্য ভারতকে আন্তরিক ধন্যবাদ জানান। ‘যখন তাজমহলে দেখা টিস্বাকটু’ শীর্ষক টিস্বাকটু’র পান্তুলিপি নিয়ে এই বছরের শেষ দিকে ভারত একটি প্রদর্শনীর আয়োজন করবে।
- ৩) উভয় পক্ষ চিহ্নিত করে, সন্ত্রাসবাদী হৃষকিই এই মুহূর্তে শান্তি এবং সমৃদ্ধির পথে সবথেকে বড় প্রতিবন্ধকতা এবং সম্মতি প্রকাশ করেন এই হৃষকির বিরুদ্ধে লড়াই করতে দ্বিপাক্ষিক, আঞ্চলিক

এবং বহুপার্কিক সহযোগিতার বিষয়ে। রাষ্ট্রসংস্থার সংস্কার, উন্নয়ন বিষয়ক, দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা, নবীকরণযোগ্য শক্তির প্রচার-সহ পারস্পরিক স্বার্থজনিত বিষয় নিয়ে মতবিনিময় করেন।

৪) উভয় পক্ষ প্রথম জেএমসি'র ফলাফল নিয়ে সন্তোষ প্রকাশ করেন এবং পারস্পরিক সুবিধাজনক তারিখে ২০১৯ সালে জেসিএম'র পরবর্তী বৈঠকের বিষয়ে সম্মত হয়। মন্ত্রী এম জে আকবর তাঁকে এবং তাঁর প্রতিনিধি দলকে আতিথেয়তা এবং উষ্ণ অভ্যর্থনা জানানোর জন্য ধন্যবাদ জানান মন্ত্রী আবদৌল্লা দিওপ'কে এবং আলোচনা এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তাঁকে ভারতে আমন্ত্রণ জানান। মন্ত্রী দিওপ সেই আমন্ত্রণ গ্রহণ করেছেন।

৫) মন্ত্রী আকবরের সফরের পরই মালি থেকে একটি উচ্চপর্যায়ের প্রতিনিধি দল সফর করবে ভারতে, এর মধ্যে থাকবেন সাংস্কৃতিক মন্ত্রকের মন্ত্রী এবং পেট্রোলিয়াম ও বেসরকারি সেক্টরে বিনিয়োগ সংক্রান্ত মন্ত্রী।

নয়াদিল্লি

মার্চ ০৪, ২০১৭